This Question paper consists of **30** questions and **8** printed pages.

Roll No. | | | | | | | | | | | | |

# BENGALI

## বাংলা

## (203)

**Code No. 50/S/A/B**

**SET A**

**Day and Date of Examination** ……………………………………………………………

**Signature of Invigilator** 1. ……………………………………

2. ……………………………………

---

**সাধারণ নির্দেশিকা :**

1. পরীক্ষার্থী প্রশ্নপত্ররের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তার নাম ও রোল নং লিখিবেন ।
2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না । একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না ।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলীর উত্তর দেওয়ার জন্য A, B, C এবং D এর যে কোনো একটি সঠিক বিকল্প কে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন ।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে ।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন ।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. **50/S/A/B**, **Set** A লিখুন ।

# BENGALI
# (203)

**সময়** : 3 **ঘন্টা** ] [ **পূর্ণমান** : 100

**নির্দেশ** : (i) সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক । প্রতিটি প্রশ্নের সংগে নাম্বার দেওয়া আছে ।

(ii) **1-20** প্রশ্নগুলি বহুমুখী (Multiple choice) প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সংগে **4**টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে । প্রতিটি প্রশ্নের মান 1 (one)

1. মিলনের কথা প্রবন্ধে লেখক 'হাতেখড়ি'র পুরোনো সংখ্যাগুলি পড়েছেন – **1**

(A) ব্যারাকপুর আশ্রমে (B) সোদপুর আশ্রমে

(C) নবাবগঞ্জ আশ্রমে (D) নোয়াখালি আশ্রমে

2. ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র নাটিকায় পড়বে বলে পুঁথি সংগ্রহ করে এনেছে – **1**

(A) মহাপঞ্চক (B) দ্বিতীয় শোণপাংশু

(C) চণ্ডক (D) পঞ্চক

3. চোট্টি মুণ্ডা এবং তার তীর গল্প অনুযায়ী চোট্টি মেলা হয় – **1**

(A) কালী পুজোর দিন (B) বিজয়া দশমীর দিন

(C) রথের দিন (D) দোল পূর্ণিমায়

4. রেকর্ড গল্পের লেখক কত দিয়ে তাঁর পছন্দের রেকর্ড কিনেছিলেন ? **1**

(A) আট আনা (B) দশ আনা

(C) বারো আনা (D) এক টাকা

5. ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধে পাঁচ হাজার বছরের ভারত সংস্কৃতিকে ভাগ করা হয়েছে – **1**

(A) চারটি যুগে (B) তিনটি যুগে

(C) পাঁচটি যুগে (D) ছয়টি যুগে

6. ওরা কাজ করে কবিতায় কবি মাটির পৃথিবী-পানে চোখ মেলে দেখতে পান – 1

(A) সবুজ বনভূমি (B) রুক্ষ মরুভূমি

(C) উদ্ধত সৈন্যদল (D) কোলাহল মুখর বিপুল জনতার গতি

7. লালু গল্পে লালু মায়ের কাছে দশ নিয়ে শুরু করেছিল – 1

(A) ছোটদের খেলনার ব্যাবসা (B) চায়ের দোকান

(C) ঘুড়ি লাটাইয়ের দোকান (D) ঠিকাদারি

8. শুধু ভাঙা নয় কবিতায় শিশু হামাগুড়ি দেয় – 1

(A) ঘরের মেঝেয় (B) বারান্দায়

(C) ছোট্ট সবুজ উঠোনে (D) বাগানে

9. জন্মভূমি আজ কবিতা অনুযায়ী মাটি তো হবেই – 1

(A) ধুলোর মতো (B) কাদার মতো

(C) পাথরের মতো (D) আগুনের মতো

10. দাঁড়াও কবিতায় ফাঁদ পাতছে – 1

(A) ব্যাধ (B) মানুষ

(C) একটা ছেলে (D) একজন চাষি

11. ছাড়পত্র কবিতায় ভূমিষ্ঠ শিশুর চোখ – 1

(A) ঘুমে আচ্ছন্ন (B) অস্পষ্ট কুয়াশাভরা

(C) কাজল কালো (D) জলে ভরা

12. পিয়ানোর গান কবিতা অনুযায়ী চোখ তার – **1**

(A) কাজল কালো (B) চঞ্চল

(C) আধ বোজা (D) তন্দ্রাচ্ছন্ন

13. মাদাম কুরি প্রবন্ধে ভগ্ন স্বাস্থ্য নিয়ে আইরিন বোম্বাই এসেছিলেন – **1**

(A) চিকিৎসার জন্যে (B) বেড়াতে

(C) সভায় যোগ দিতে (D) একটি বিবাহ অনুষ্ঠানে যোগ দিতে

14. ধ্বংস গল্প অনুযায়ী পিয়েরের মেয়ের বিয়ের কথা ছিল – **1**

(A) জিল-এর সঙ্গে (B) জ্যাকের সঙ্গে

(C) বিল-এর সঙ্গে (D) উইলিয়মের সঙ্গে

15. কাণ্ডারী হুশিয়ার কবিতায় কবি দেখতে চান কাণ্ডারীর – **1**

(A) কৌশল (B) দৈহিক শক্তি

(C) মানসিক দৃঢ়তা (D) মাতৃমুক্তি পণ

16. জলসত্র গল্পে জলসত্রের জল ছিল – **1**

(A) দুটো প্ল্যাস্টিকের বালতিতে (B) তিনটি পেতলের ঘড়ায়

(C) চার-পাঁচটা নতুন জালায় (D) একটা বিরাট বড় গামলায়

17. অবাক জলপান নাটিকায় পথিককে 'অপদার্থের একশেষ' বলেছেন – **1**

(A) ঝুড়িওয়ালা (B) দ্বিতীয় বৃদ্ধ

(C) প্রথম বৃদ্ধ (D) মামা

18. লালু গল্পে ইস্কুল ছাড়ার পর লালু বললে সে – **1**

(A) সৈনিক হবে (B) গান শিখবে

(C) ছবি আঁকা শিখবে (D) ব্যবসা করবে

19. ধ্বংস গল্পে পিয়েরের বাগানে মালী রাখতে দেয় নি তার – **1**

(A) প্রতিবেশীরা (B) পত্নী

(C) ডময়ে (D) জ্যাক

20. রেকর্ড গল্প অনুযায়ী লেখকের কেনা রেকর্ডের লেবেলের ওপরের লেখাগুলো – **1**

(A) চিনা হরফের (B) নাগরি হরফের

(C) আরবি হরফের (D) রোমান হরফের

[**21** ক – **21** চ প্রশ্নগুলির উত্তর **10-12** টি শব্দে দিতে হবে ।]

21. (ক) জন্মভূমি আজ কবিতায় কবি আকাশের ভয়ঙ্করকে কী বলতে চেয়েছেন ? **1**

(খ) লালু গল্পে লালুর বাবা লালুকে কী আদেশ দিয়েছিলেন ? **1**

(গ) মিলনের কথা প্রবন্ধ অনুযায়ী 'মহাত্মা'র প্রেম-সিঞ্চনেও কী হল না ? **1**

(ঘ) রেকর্ড গল্প অনুযায়ী চকচকে নতুন জিনিস সিপি ভেবে কেনার ফল কী হয় ? **1**

(ঙ) জলসত্র গল্পে একজন আবদুলের মাকে ডাব খেতে বলায় সে কী বলেছিল ? **1**

(চ) মাদাম কুরি প্রবন্ধ অনুযায়ী নতুন পারমাণবিক যুগ শুরু হয়েছে কী ভাবে ? **1**

[**22** ক – **22** চ প্রশ্নগুলির উত্তর সর্বাধিক **30** টি শব্দে লিখতে হবে ।]

22. (ক) ছোঁওয়া-ছুঁই মন্ত্রতন্ত্র অনুযায়ী পঞ্চকরা কবে লোহা গলাতে পারে ? **2**

(খ) ওরা কাজ করে কবিতা অনুযায়ী ওরা চিরকাল কি কি কাজ করে ? **2**

(গ) মিলনের কথা প্রবন্ধে রহিম শেখ ও শ্রীহরি মণ্ডল ফসল ঘরে তোলার পর কী কী করে ? **2**

(ঘ) লালু গল্পে লালুর বন্ধুরা কলেজ যাওয়ার পথে লালুকে কী অবস্থায় দেখতে পেত ? **2**

(ঙ) ধ্বংস গল্পে পিয়ের যখন যুদ্ধে গেল তখন ক্যামিল তাকে কী বলেছিল ? **2**

(চ) কাণ্ডারী হুশিয়ার কবিতায় কবি কেন মাতৃমন্ত্রী সান্ত্রীদের সাবধান হতে বলেছেন ? **2**

[**23** ক – **23** খ প্রশ্নদুটি বাখ্যামূলক, **40-42** টি শব্দে উত্তর দিতে হবে ।]

23. (ক) ছাড়পত্র কবিতায় ‘প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল’ বলতে কবি কী বুঝিয়েছেন ? **3**

(খ) জলসত্র গল্পে ছমিরুদ্দি মিঞা কী ভাবে জলসত্রে হাজির হয়েছিল ? **3**

24. রেকর্ড গল্পে লেখকের কেনা রেকর্ডখানির প্রকৃত পরিচয় কী ভাবে জানা গেল তা লিখুন । (অনধিক **100** টি শব্দে) **8**

**অথবা**

মিলনের কথা প্রবন্ধে লেখক হিন্দু-মুসলমানের প্রকৃত মিলনের যে দিশা খুঁজে পেয়েছেন তার পরিচয় দিন । (অনধিক **100**টি শব্দে)

25. বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতা চাঁদ সদাগর বাংলার যে রূপ দেখেছেন তা লিখুন । (অনধিক **100**টি শব্দে) **8**

**অথবা**

জন্মভূমি আজ কবিতায় কবি কেন বলেছেন ‘মাটি তো আগুনের মতো হবেই’ ? (অনধিক **100**টি শব্দে)

26. ছোঁওয়া-ছুঁয়ি মন্ত্রতন্ত্র নাটিকায় উল্লিখিত ‘সব কাজে হাত লাগাই মোরা সব কাজেই’ – গানটি মধ্যে শোণপাংশুদের যে পরিচয় ব্যক্ত হয়েছে তা লিখুন । **6**

27. (ক) যে-কোনো **4**টি প্রবচনের সাহায্যে বাক্য রচনা করুন - **4**

অকূল পাথার, কুম্ভীরাশ্রু, ব্যাঙের সর্দি, তুলসী বনের বাঘ, যত গর্জায় তত বর্ষায় না ।

(খ) যে-কোনো **4**টির প্রত্যয় লিখুন – **4**

কাণ্ডারী, ঠিকাদারি, চোরাই, প্রতিযোগিতা, নীলিমা ।

(গ) যে-কোনো **4**টির অশুদ্ধি সংশোধন করুন – **4**

ব্রিহস্পতি, দারিদ্রতা, পরিস্কার, বিভিশন, রাস্ট্রিয় ।

(ঘ) কোন্ কোন্ ভাষা থেকে শব্দ **4**টি বাংলা ভাষায় এসেছে লিখুন – **4**

কামার, মাদাম, সান্ত্রী, উকিল ।

28. ভাব সম্প্রসারণ করুন – 5

মানুষেরি মাঝে স্বর্গ নরক, মানুষেতে সুরাসুর ।

**অথবা**

আমি ভয় করব না ভয় করব না ।

দু-বেলা মরার আগে মরব না, ভাই, মরব না ।

29. আপনাদের এলাকায় অল্প বৃষ্টিতেই জল জমে । প্রতিকার চেয়ে উপযুক্ত কর্তৃপক্ষকে চিঠি লিখুন । 5

**অথবা**

কোনো পার্বত্য এলাকায় ভ্রমণের অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে চিঠি লিখুন ।

30. যে-কোনো একটি বিষয় অবলম্বনে অনধিক **120**টি শব্দে প্রবন্ধ লিখুন – 8

(ক) আপনার প্রিয় লোকনায়ক

[লোকনায়ক বলতে কি বোঝায়, যে লোকনায়ক আপনার প্রিয় তাঁর পারিবারিক, সামাজিক পরিচয়, তাঁর শিক্ষাদীক্ষা, মানুষের সঙ্গে তাঁর ব্যবহার, তাঁর কাজকর্মের পরিচয়, তাঁর বিশেষ কোন্ গুণ আপনাকে আকর্ষিত করে ।]

(খ) বাংলার তাঁতশিল্প

[বাংলার তাঁত শিল্পের ঐতিহ্য - ঢাকাই মসলিন, বর্তমানে কোথায় কোথায় তাঁতের কাজ হয়, তাঁত শিল্পের সমস্যা, সমস্যা কীভাবে দূর করা যায়, তাঁতজাত দ্রব্যের বাজার ।]

(গ) স্বনির্ভর প্রযুক্তি

[স্বনির্ভর প্রযুক্তি কী, অর্থনীতির ক্ষেত্রে এর গুরুত্ব, সমাজের ক্ষেত্রে এর প্রয়োজনীয়তা, সরকার ও স্বনিযুক্তি প্রয়াস ।]

(ঘ) ব্যবসাবাণিজ্যে বিজ্ঞাপন

[বিজ্ঞাপন কাকে বলে - বিজ্ঞাপনের বিভিন্ন মাধ্যম, বিজ্ঞাপন ও নৈতিকতা, বিজ্ঞাপন ও রুচি, বিজ্ঞাপনের ভালোদিক মন্দদিক । ]